



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৯ মে '২০২৪ খ্রি.

পূর্ব ঘোলশহর ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সহসভাপতি মো. ইসহাকের শোক সভা অনুষ্ঠিত

পূর্ব ঘোলশহর ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সহসভাপতি মো. ইসহাকের শোক সভা আজ সন্ধ্যায় বাকলিয়াস্ত একটি কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত হয়। ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ শামসুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত শোক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। শোক সভায় মেয়র বলেন, তৎকালীন কর্মীরাই আওয়ামী লীগের প্রাণ। মরহুম মো. ইসহাকের মতো ত্যাগী নেতাদের সংগ্রামের ফলেই আজ আওয়ামী লীগ জনগণের ভালবাসার সংগঠনে পরিণত হয়েছে। তরুণ প্রজন্মের রাজনৈতিক কর্মীদের মো. ইসহাকের জীবনসংগ্রাম থেকে শেখার আছে অনেক কিছু। সভায় বিশেষ অতিথি ছিলেন মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সাবেক সংসদ সদস্য নোমান আল মাহমুদ। উপস্থিত ছিলেন-চান্দগাঁও ওয়ার্ড আওয়ামী লীগের আহ্বায়ক নুর মোহাম্মদ নুর, ওয়ার্ড কাউন্সিলর এম. আশরাফুল আলম, নিজামউদ্দিন নিজু, মো. মনজুর হোসাইন, মো. সেলিম উল্ল্যাহ, আবুল কালাম কন্ট্রাকটার, হুমায়ন কবির, কাবেদুর রহমান কচি, আনোয়ার হোসেন বাবুল, কফিল উদ্দিন, ধৃতিমান আইচ, কুতুবউদ্দিন, মো. হোসেন, এস.এম জেড খসরু, মিনহাজুল আবেদীন সায়েম, ডাঃ শাহীন আরা বেগম, সাজিদ আলী খান বাহাদুর, মো. সাইফুদ্দিন, নুর উদ্দিন, হাসান মুরাদ, জাবেদুল ইসলাম, আবু সাঈদ সুমন, মো. ইদ্রিস, দেলোহার হোসেন প্রমুখ।

প্রশিক্ষণ বিমান বিধ্বনি হয়ে পাইলটের মৃত্যুতে মেয়রের শোক

বিমান দুর্ঘটনায় পাইলট ক্ষোয়াত্ত্ব লিডার আসিম জাওয়াদের মৃত্যুতে শোক জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। এক শোক বার্তায় তিনি মরহুমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদন জানান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮